



135372 - নামাযের মধ্যযে কোন নারীর শরীরেরে কিছু অংশ যদি অনাবৃত হয়ে যায় এবং তাৎক্ষণিকভাবে ঢেকে  
নয়ে

প্রশ্ন

নামাযের মধ্যযে অনচ্ছিক্তভাবে কোন নারীর শরীরেরে কিছু অংশ যমেন- গলা, চুল বা ঘাড় উন্মুক্ত হয়ে যায় এবং নামাযের  
মধ্যযেই সবে দ্রুত তা ঢেকে নয়ে তার এ নামাযেরে হুকুম কি? তাকে কি এ নামায পুনরায় পড়তে হবে? অথবা তার করণীয় কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

জমহুর আলমেরে মতে, সতর ঢাকা নামায শুদ্ধ হওয়ার অন্যতম শর্ত। সটে পুরুষেরে ক্ষতেরে হোক অথবা নারীর ক্ষতেরে  
হোক। নামাযে নারীর সতর কতটুকু তা জানতে 1046 নং প্রশ্নোত্তরটি দেখুন। এর দলিল হচ্ছ- আয়শো (রাঃ) কর্তৃক নবী  
সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকএ বর্ণতি হাদিস তনি বলেন: “আল্লাহ তাআলা খমির পরধান করা ব্যতীত কোন  
প্রাপ্ত বয়স্কা নারীর নামায কবুল করনে না।”[সুনানে আবু দাউদ, সুনানে তরিমযি, আলবানি সহি আবু দাউদ গ্রন্থে  
হাদিসটিকে সহি আখ্যায়তি করছেন]

ইবনে আব্দুল বার (রহঃ) বলেন: “যারা সতর ঢাকাকে নামাযেরে ফরজ আমল বলেন তারা ইজমা দিয়ে দলিল দনে যে, যে ব্যক্তি  
সতর ঢাকতে সক্ষম হওয়া সত্ববেও সতর না ঢেকে উল্গ হয়ে নামায পড়ে তার নামায বাতলি।” তনি আরও বলেন: “তারা  
সকলে এ ব্যাপারে ইজমা বা ঐকমত্য করছেন।” সমাপ্ত [দেখুন আল-মুগনি (১/৩৩৭)]

দুই:

যে ব্যক্তি সতর ঢেকে নামায পড়লিনে কনিতু অনচ্ছিক্তভাবে সতরেরে কিছু অংশ অনাবৃত হয়ে গেছে এবং সবে সাথে সাথে  
ঢেকে নিচ্ছে তাহলেও তার নামায শুদ্ধ হবে। সবে ব্যক্তি পুরুষ হোক অথবা নারী হোক। সতরেরে সবে অংশ সাধারণ অঙ্গ হোক  
অথবা বিশেষ অঙ্গ হোক। উন্মুক্ত অংশ কম হোক অথবা বেশি হোক।

কাশশাফুল কনি (১/২৬৯) গ্রন্থে বলেন:



অনচ্ছিক্তভাবে সতররে কচ্ছি অংশ উন্মুক্ত হয়ে গলে নামায় বাতলি হবে না। যদি সতররে কচ্ছি অংশ দীর্ঘ সময়রে জন্য উন্মুক্ত থাকে তবুও। আর যদি সতররে বড় একটা অংশ স্বল্প সময়রে জন্য উন্মুক্ত হয়ে পড়ে সে ক্ষেত্রেও নামায় বাতলি হবে না। যদি বাতাসে তার সতর থেকে আচ্ছাদন সরে যায়, এমনকি এতটুকু সরে যায় দীর্ঘসময় যতটুকু উন্মুক্ত রাখা যায় না; এমনকি এতে করে যদি তার সম্পূর্ণ সতর উন্মুক্ত হয়ে পড়ে কিন্তু সে দ্রুত সময়রে মধ্যে আমলে কাছরি (বশেঁকাজ) না করে ঢেকে নতিে পারে তাহলেও তার নামায় বাতলি হবে না। কারণ সময়রে স্বল্পতা সামান্য সতর বশেঁসময় ধরে উন্মুক্ত থাকার সাথে তুল্য। যদি সতর ঢাকতে গিয়ে আমলে কাছরি (বশেঁকাজ) এ লপিত হতে হয় তাহলে নামায় বাতলি হয়ে যাবে। সমাপ্ত।

শাইখ উছাইমীন (রহঃ) বলনে: যদি সতররে বশেঁ অংশ সামান্য সময়রে জন্য উন্মুক্ত হয়ে পড়ে তাহলে নামায় বাতলি হবে না। যমেন- ‘কটে নামায়রে বুকুতে ছিলনে, এর মধ্যে তীব্র বাতাসে কাপড় সরে গেলে এবং তাৎক্ষণিকভাবে সে কাপড় ঠকি করে নয়ে’ গ্রন্থকাররে মতে এ ব্যক্তরি নামায় বাতলি। কিন্তু সঠকি মতানুযায়ী: নামায় বাতলি হবে না। যহেতে তনি অতদ্রুত কাপড়টি পরে নতিে পরেছেন এবং তনি তে ইচ্ছিক্তভাবে সতর খোলনে ন। আল্লাহ তাআলা বলনে: “তোমরা সাধ্যানুযায়ী আল্লাহকে ভয় কর।”[সূরা আত-তাগাবুন, আয়াত: ১৬] শরহে আল-শরহুল মুমতী (২/৭৫)]

এ আলোচনার ভিত্তিতে বলা যায়: আপনার নামায় সহহি। যহেতে তাৎক্ষণিকভাবে সতর ঢেকে নয়েছেন সুতরাং আপনাকে এ নামায় পুনরায় পড়তে হবে না।

আল্লাহই ভাল জাননে।